

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।  
([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd))

নম্বর-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৮(০৫)- ৪৮


তারিখ: ০৫ মার্চ, ২০১৮খ্রিঃ।

বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের 'শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি'টি বিভিন্ন দেশে কর্মরত কর্মীদের মধ্যে ব্যাপক প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৭ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি, ৯ম শ্রেণি, পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ১৯ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের "দৈনিক আমাদের সময়" এবং "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় প্রকাশিত হয়েছে। এছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে ([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাবে।

২.০ আবেদন পত্র ২৯ মার্চ, ২০১৮ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর দপ্তরে পৌঁছাতে হবে। প্রবাসী কর্মীরা যাতে করে তাদের মেধাবী সন্তানদের জন্য বৃত্তির সুযোগ গ্রহণ করতে পারে সেজন্য বিদেশস্থ স্থানীয় গণমাধ্যম, বাংলাদেশ কমিউনিটি এবং কর্মরত কর্মীদের মধ্যে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিদেশস্থ স্থানীয় গণমাধ্যম, বাংলাদেশ কমিউনিটি এবং কর্মরত কর্মীদের মধ্যে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

ফোন- ৯৩৫২৬১৯

[d.irp@wewb.gov.bd](mailto:d.irp@wewb.gov.bd)

কাউন্সেলর/কাউন্সেলর(শ্রম)

প্রথম সচিব/প্রথম সচিব (শ্রম)/দ্বিতীয় সচিব/দ্বিতীয় সচিব (শ্রম)

বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন/বাংলাদেশ কন্সুলেট (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (সকল)।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। (সচিবের সদয় অবগতির জন্য)

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

৫। অফিস কপি/২০১৮।